গণ-প্রজাতনত্রী বাংলাদেশ সরকার

স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
বাগেরহাট।

স্মারক নং এলজিইডি/নিঃপ্রঃ/বাগের/দ-১(অংশ-৮)/২০০২/৬২৮ তারিখঃ ১০-০২-২০০৩ ইং।

দরপত্র বিজ্ঞপ্তি নং-৩১/২০০২-২০০৩ইং।

স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন ২০০২-২০০৩ ইং অর্থ বছরে বৃহত্তর খুলনা জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার মোংলা উপজেলায় নিম্নবর্ণিত বক্স কালভার্ট নির্মাণের জন্য এলজিইডি'র এবং এলজিইডি'র অধীন সকল প্রকল্পের পূর্ব যোগ্যতা সম্পন্ন তালিকাভূক্ত হালনাগাদ নবায়নকৃত আর্থিক ক্ষমতা অনুযায়ী সকল শ্রেণীর ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে বাংলাদেশ ফরম নং-২৯১১ তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

কাজের বিবরণ

ক্রমিক নং	কাজের নাম	প্রাককলিত মুল্য (টাকা)	বায়নার টাকার পরিমান ২.৫% হারে	সিডিউলের মুল্য (টাকা)	কাজ সম্পাদনের সময়সীমা (কার্যাদেশ ইস্যুর তারিখ হতে)	ঠিকাদারের শ্রেনী
১	২	৩	৪	৫	৬	৭
১।	খাশেরহাট মোড়-খড়খড়িয়া সড়কে ৩.০০X৩.০০মিঃ বক্স কালভার্ট নির্মাণ।	৪,৬৭,৫০০/=	১১,৬৯০/=	৩০০/=	৯০দিন	এলজিইডির তালিকাভূক্ত শ্রেণী ক্ষমতানুযায়ী হালনাগাদ নবায়নকৃত ঠিকাদার এবং এলজিইডি'র আওতায় সমস্ত প্রকল্পের পুর্বযোগ্যতা সম্পন্ন ঠিকাদার।

১। দরপত্র দলিলাদি আগামী ০৪-০৩-২০০৩ ইং (২০-১১-১৪০৯ বাং) তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (১) প্রকল্প পরিচালক, বৃহত্তর খুলনা জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্প , স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, (২) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা/পিরোজপুর, (৩) উপজেলা প্রকৌশলীর দপ্তর, মোংলা উপজেলা, জেলা-বাগেরহাট এবং নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে ।

২। দরপত্র সমুহ আগামী ০৫-০৩-২০০৩ ইং (২১-১১-১৪০৯ বাং) তারিখ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত ক্লজ ১-এ বর্ণিত দপ্তর সমূহে রক্ষিত দরপত্র বাক্সে এক যোগে গ্রহণ করা হবে এবং ঐদিনই বেলা ১-৩০ ঘটিকার সময় দরপত্র সমুহ একযোগে দরপত্র দাতা বা তাঁদের মনোনীত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্হিত থাকেন) খোলা হবে ।

৩। দরপত্রের সাথে কার্য সম্পাদনের প্রতিটি পর্যায়ের সময় উল্লেখ পুর্বক ওয়ার্ক সিডিউল দাখিল করতে হবে । ওয়ার্ক সিডিউল ব্যতিরেকে দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

৪। দরপত্রের সাথে হাল সনের নবায়নকৃত ঠিকাদারী লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি, ভ্যাট ও আয়কর নিবনধনপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

৫। প্রাক্কলিত মূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) অপেক্ষা অধিক নিম্ন দরের দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে । একাধিক ঠিকাদার একটি কাজে একই দর দাখিল পুর্বক সর্বনিম্ন হলে লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হবে। সেরুপ ক্ষেত্রে আগামী ১০-০৩-২০০৩ ইং তারিখ সকাল ১১-০০ ঘটিকার সময় নিম্ন স্বাক্ষরকারীর অফিসের সভাকক্ষে প্রকাশ্যে লটারি অনুষ্ঠিত হবে।

৬। প্রাক্কলিত মূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) অপেক্ষা অধিক উর্ধ্বদর দাখিলের ক্ষেত্রে আইটেমওয়ারী দর বিশ্লেষণ দাখিল করতে হবে। দর বিশ্লেষণের ফটোকপি কিংবা কাটাকাটি/ওভার রাইটিং করা দর বিশ্লেষন সম্বলিত দরপত্র তাৎক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে। এলজিইডি'র জেলা দর সিডিউলে বর্ণিত বিভিন্ন উপাংশের দর ও মালামালের পরিমান চুড়ান্ত বলে গণ্য হবে ।

৭। দরপত্রের নির্দিষ্ট স্হানে সার্বিক (Over all) শতকরা হার উর্ধ্বদর/নিম্নদর/সমদর, অংকে এবংকথায় উল্লেখ করতে হবে। দর লেখায় কোনরুপ কাটাকাটি ও ঘসা দরহার লিখিত দরপত্র তাৎক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে ।

৮। বাংলাদেশ ফরম নং-২৯১১ এ দাখিলকৃত দরপত্র প্রথম ও ফরমাল দরপত্র হিসাবে বিবেচিত হবে। শুধুমাত্র অফারের মাধ্যমে দরহার কমানোর প্রয়োজনীয়তা দেখা দিলেই বাংলাদেশ ফরম নং-২৯১১ তে ফরমাল দরপত্র গ্রহণ করা হবে।

৯। মুল্য সংযোজন কর দাতার নিবনধন সংখ্যা অবশ্যই ১০(দশ) ডিজিটের হতে হবে। ১০ ডিজিট বিশিষ্ট নিবনধন পত্র দরপত্রের সাথে দাখিল না করলে উহা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। উর্ধ্বদরের ক্ষেত্রে প্রস্তাবিত দরের ২.৫০% (শতকরা দুই দশমিক পাঁচ শুন্য) হারে এবং অন্য ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কীমের জন্য নির্ধারিত বায়নার টাকা নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বাগেরহাট এর অনুকুলে অগ্রিম জামানত হিসেবে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম সম্বলিত (Received From) যে কোন তফশীলভূক্ত ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে । (যদি কোন দরদাতা জাল/ভূয়া বিডি/পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করেন, তবে তাৎক্ষনিকভাবে দরপত্র বাতিল করত ঃ তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা রুজু করা হবে এবং তাঁর ঠিকাদারী লাইসেন্স কালো তালিকাভূক্ত করা হবে।

১১। সরকারী নিয়ম অনুযায়ী ঠিকাদারের বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
১২। অতিরিক্ত শর্তাবলী টেন্ডারের অংশ হিসাবে বিবেচিত হবে।
১৩। আগ্রহী ঠিকাদারগণ প্রয়োজনীয় বিষয় ও শর্তাবলী অফিস চলাকালীন সময়ে দেখতে ও জানতে পারবে
১৪। ২০০১-২০০২ ইং অর্থ বছর এবং তার পূর্বের অর্থ বছর সমূহের যে সকল কাজ অসমাপ্ত আছে (সকল প্রকল্প) উক্ত কাজের সংশ্লিষ্ট ঠিকাদার অত্র দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।
১৫। দরপত্র সমূহ ডাক যোগেও দরপত্র দাখিলের জন্য নির্ধারিত দপ্তর সমূহে প্রেরণ করা যাবে তবে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ সময়ের পূর্বে পৌঁছাতে হবে। এক্ষেত্রে নিদির্ষ্ট সময়ের পরে প্রাপ্ত দরপত্র মূল্যায়নের জন্য গৃহীত হবে না।
১৬। দরপত্রের সাথে অবশ্যই দরপত্র ক্রয়ের রশিদ দাখিল করতে হবে। অন্যথায় দরপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৭। কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বা গ্রহণ করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ মোশাররফ হোসেন)
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং এলজিইডি/নিঃপ্রঃ/বাগের/দ-১(অংশ-৮)/২০০২/৬২৮/১(৪) তারিখঃ ১০-০২-২০০৩ ইং।
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ-
১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, খুলনা অঞ্চল, এলজিইডি ভবন, যশোর।
৪। প্রকল্প পরিচালক, বৃহত্তর খুলনা জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

মোঃ মোশাররফ হোসেন)
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং এলজিইডি/নিঃপ্রঃ/বাগের/দ-১(অংশ-৮)/২০০২/৬২৮/২(১০০) তারিখঃ ১০-০২-২০০৩ ইং।
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ-
১। জেলা প্রশাসক, বাগেরহাট।
২। পুলিশ সুপার, বাগেরহাট।
৩। সিভিল সার্জন, বাগেরহাট।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাগেরহাট।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা/যশোর।
৬। নির্বাহী প্রকৌশলী, সওজ/পাউবো/গণপূত/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট।
৭। উপজেলা নির্বাহী অফিসার, ...উপজেলা, জেলা-বাগেরহাট।
৮। উপজেলা প্রকৌশলী, ... উপজেলা, জেলা -বাগেরহাট।
৯। সহকারী প্রকৌশলী, এলজিইডি/জেলা পরিষদ, বাগেরহাট।

মোঃ মোশাররফ হোসেন)
নির্বাহী প্রকৌশলী